LONGVIEW TEA CO. LTD.
CIN NO. L15491WB1879PLC000377
Website : www.longviewtea.org
E-mail : info@longviewtea.org

August 11, 2020

To
Department of Corporate Services
Bombay Stock Exchange Limited
P J Towers, 25th Floor,
Dalal Street
Mumbai – 400 001

Dear Sir/Madam,

Scrip Code: 526568
Sub: Submission of Newspaper publication

Pursuant to SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we enclose herewith copies of the newspaper publications made on 11.08.2020 in "The Business Standard" in English and "Sukhabar" in Bengali for notice to shareholders regarding updation/registration of email addresses with the Company.

Kindly take the same on record.

Thanking you,

Yours faithfully,
For Longview Tea Company Limited

Nikita Puria
Digitally signed by Nikita Puria
Date: 2020.08.11 18:34:55 +05'30'

Nikita Puria
Company Secretary

Encl: as above

'Atmanirbhar' airlines

With the Covid-19 pandemic slowing the once-booming domestic market, Indian carriers are discovering virtues in the international passenger and cargo business

ANJULI BHARGAVA
New Delhi, 10 August

At a recent aviation webinar, SpiceJet chief Ajay Singh ruffled the feathers of the UAE ambassador when he said that India could no longer rely on "middlemen" to ferry its passengers and goods across to various countries and that its own airlines were now in a position to do so.

The ambassador took great exception to the use of the term "middlemen" though the import of the message settled in. In today's environment when protectionism is rearing its head again — more so in the precarious aviation industry — Singh's words should not be taken lightly. Airline authorities around the world are seeking to protect their turf, and in what promises to be a bloody future, one cannot rule out battles over ferrying of passengers and goods.

This kind of finger-pointing has already surfaced in the case of certain American airlines and the United States. In a letter to the Indian authorities, the Trump administration argued that India was running "scheduled operations" under the guise of "Vande Bharat", and this amounted to unfair trade practices since their carriers were losing out. After the US threatened retaliatory action, India quickly entered into a travel bubble arrangement and now carriers from both sides are flying back and forth.

Similar instances have occurred with other countries in West Asia and surrounding regions in June and July. IndiGo, GoAir and Air India operate flights into Kuwait but in June, when the airlines sought clearances for charter flights, there were inordinate delays by the Kuwait authorities. After the Indian side began to stop the incoming flights from the region (Jazeera and Kuwait Airways), Kuwait authorities relented. Now both sides are operating in a spirit of "give and take", says a senior ministry of civil aviation (MOCA) official.

A similar tussle between SpiceJet and Qatar — this time over cargo — was also resolved after the Indian side flexed its muscle. "In some ways, the permit raj is back in full force during Covid-19," the MOCA official says. He adds that for Indian carriers, perversely, the longer the non-scheduled operations last, the better because it reduces competition since scheduled operations are suspended.

With a lower number of flights (750-800 a day versus the normal 3,300-3,400 a day) and lower loads (which vary between 52-55 per cent), only two million passengers were ferried by air in June instead of the usual 12 million. Now the authorities and airline executives are worried about the softening of domestic air traffic in July. Operations are ad hoc and subject to change at very short notice as states are going in for selective lockdowns as and when required. Faced with this, airlines like IndiGo and SpiceJet are focusing increasingly on charter flights and cargo.

However, the broader questions on "who does how much" are now being raised time and again. As things stand, the Indian airlines' share in ferrying its own traffic in and out of the country has been very low, and carriers like Emirates and Singapore Airlines primarily rely on Indian traffic. As the CEO of one of the domestic carriers says: "We have let Dubai become our national hub and Emirates our national carrier."

The situation with cargo is worse. In 2019-20, Indian carriers ferried around 7 per cent of the total cargo that was carried. "Even with cargo, the bulk is carried by airlines from other countries," an official points out. Domestic airlines are arguing that if Indian authorities cannot help them with a revival package of any sort, the least they can do is strengthen their own carriers to carry a larger share of the Indian traffic and cargo carried out of the country by foreign carriers. Both SpiceJet and IndiGo, and now even Vistara (which recently brought in some wide bodies), are looking at both these segments. SpiceJet, which had submitted its application before the pandemic, has more recently been designated as a carrier for flights to UK, USA and Amsterdam and is planning to wet lease aircraft and take the plunge.

Government sources say that as far as they are concerned, the field is wide open. They argue that Indian carriers never focused on either air cargo or the international market till the pandemic hit and desperate measures kicked in. Several bilateral agreements remain unutilised from the Indian end because Indian carriers by and large either don't have the wherewithal to take advantage of them or have not focused on this. MOCA sources point out that the Indian carriers have been quite content with just the action on the domestic market, which is large in normal times. A top government official says that they would be very happy if IndiGo went in for wide bodies (and have conveyed this to the carrier many times) and got into the international market whole hog, but they have seen "reluctance" from its side so far. The official adds that most of the domestic carriers don't have the aircraft for cargo operations and this business has never been their focus. It is only now — in the post-Covid-19 era — that some of them are focusing on this segment.

Turf war

- Countries are protecting the interest of their carriers as passenger demand slows
- Number of flights in India has fallen to 750-800 a day versus 3,300-3,400 pre-Covid
- Load factor is at 52-55 per cent versus 80-85
- Two million passengers were ferried by air in June versus 12 million before

Air services agreements govern the frequency with which countries allow airlines from other countries to operate in their jurisdictions. Indian governments have been accused of being very generous with the grant of bilateral rights to some countries in the past, a matter of much controversy. "Air services agreements are arrived upon in a larger context and therefore have to be viewed as such. So, amending existing agreements is not always possible or desirable," points out a former external affairs ministry official.

But as the world reverts to normal, will there be a new normal where countries including India become more and more protective of their own territories, markets, bilaterals, traffic and cargo? The prospect cannot be ruled out.

Truth is the first casualty of pandemic finance

ANDY MUKHERJEE
10 August

The true financial cost of Covid-19 is something India would rather not acknowledge, let alone bear — at least not until the pandemic has played out.

That explains why the central bank on Thursday allowed a one-time restructuring of corporate and personal loans that have been under stress ever since Prime Minister Narendra Modi put the country under a severe lockdown in March.

Those nationwide restrictions have given way to more localised containment. But with India becoming only the third country after the US and Brazil to zoom past the 2 million infections mark, it will be months before the authorities can shift the economy back into its pre-Covid gear.

The engine was sputtering then, too, with consumers retreating from a debt binge, companies deleveraging, exports anaemic, real estate in a mess, finance haunted by a mistrust of borrowers, and public works hobbled by low tax resources. Yet just to return to this low-speed economy, India will have to top up the capital destroyed by the coronavirus.

Like almost everywhere else, the ability of assets to earn returns in industries ranging from airlines, hotels and commercial real estate — from large firms to their small vendors — has been impaired. However, in India, truth is currently as scarce as capital. It's in nobody's interest to discover the extent of the money shortfall because the hole won't be filled. The government doesn't have the appetite for large-scale socialisation of private losses, lest the opposition accuse Modi of cronyism. Very few large Indian business groups have dry powder, and those that do — such as billionaire Mukesh Ambani's Reliance Industries — would rather preserve it for now.

Shadow banks will be the biggest losers. They will restructure their borrowers' loans but their own liabilities to banks won't get the same treatment

Global distressed asset specialists may be willing to take a large bite, but India's bankruptcy court is shut to new cases for a year. Without the pressure of insolvency, it's only the property and infrastructure players, whose backs were against the wall even pre-Covid, that may want to sell out to Western private equity and pension funds.

Many borrowers, particularly smaller companies, are currently in the limbo of a central bank moratorium on loan servicing. They will welcome the chance to end this suspended animation with a one-time restructuring. Those plans will be put in place by December and implemented by March, according to the Reserve Bank of India. The lenders, who aren't even giving an honest picture of delinquent advances, will now use tools like debt-equity swaps and two-year extensions of repayment periods to keep avoiding significant loan-loss provisions.

Most of these hurried recasts will probably follow standardised templates. That's a worry in a country where even custom-made breathers have tended to fail. But hopefully by the time the arrangements come unstuck, the economy will have stopped shrinking. That way, the banks will have some operating profit to absorb losses. If they were to come clean now, they would have to find much more than the record $10 billion-plus fundraising currently in the works. The capital circle is just too hard to square.

Whether the loan relief succeeds or fails, one thing is certain: India's $1.4 trillion credit machine will be in stall mode until next March as restructuring "sucks up bankers' bandwidth," and the "scope for new credit creation dwindles," says Nachiket Naik, head of corporate lending at Arka Fincap, a Mumbai-based financier.

Shadow banks will be the biggest losers. They will restructure their borrowers' loans but their own liabilities to banks won't get the same treatment. Only a few years ago, nonbank financiers were meeting 30 per cent of the economy's new credit demand. But following some bad blowups, starting with the collapse of infrastructure lender IL&FS Group in 2018, the authorities prefer that lending return to deposit-taking banks.

Expect the beaten-down nonbank financiers to become acquisition targets. American buyout firms may be keen, provided they get a good price. It will be an exchange of capital for truth — the two things in short supply in Indian finance.

© Bloomberg

ON THE JOB

A recovery to worry

The recovery is largely in informal jobs. The situation has worsened for the salaried class

MAHESH VYAS

Most of the employment that was lost immediately after the imposition of a nationwide lockdown has been restored. An estimated 121.5 million jobs were forfeited by the lockdown in its first month, in April 2020. This loss narrowed down to 100.3 million in May and then dramatically to a much smaller 29.9 million in June. July 2020 saw a further reduction in this loss of jobs to 11 million.

The recovery in jobs reflects, to a great extent, an unlocking of the economy from the draconian cessation of practically all economic activities, save a few, in late March and through most of April. Perhaps, it also reflects the desperation of Indians to get back to some employment after a rather prolonged involuntary break.

The recovery is largely in informal jobs. The situation has worsened for the relatively better jobs: salaried jobs. In this sense, it is a recovery to worry about.

Small traders, hawkers and daily-wage labourers were the worst hit by the lockdown in April. Of the 121.5 million jobs lost in that month, 91.2 million were among these. Large numbers of these people lost their source of livelihood so quickly because their employment is almost entirely informal. They have employment in hand only when the economy around them is humming. When this economy shuts down, they lose their employment during that period. Similarly, as the economy unlocks in steps, these jobs come back almost in lockstep.

Of the 91.2 million such jobs lost in April, 14.4 million came back in May, 44.5 million in June and 25.5 million in July. Only 6.8 million remain to return.

Many entrepreneurs also declared themselves unemployed during the lockdown. These included businessmen who own fixed assets and hire people for business purposes; self-employed professionals like doctors, lawyers or accountants; and other self-employed entrepreneurs like taxi operators. Collectively, they make for an estimated 78 million. Of these, 8.2 million declared themselves unemployed in April. Most of them came back to employment by July 2020.

The plight of salaried employees has worsened since the lockdown began. In April, they lost 17.7 million jobs. By July, their losses had swelled to 18.9 million

The other two large categories of employment have seen different outcomes from the lockdown.

First, we see an extraordinary rush into farming. According to estimates from Consumer Pyramids Household Survey, there were 111.3 million people who declared their occupation as farming in 2019-20. This estimate rose to 117 million in March 2020 and remained there in April as well. There is never any loss of employment in farming. People just migrate out of farming, mostly voluntarily, in search of better paying employment. But, people who can, do migrate into farming when they lose non-farming jobs. This explains why the lockdown had practically no impact on farm employment in April. In May, employment in farming inched up to 118.5 million.

Then, in June 2020, farm employment zoomed up to 130 million. Good rains and the consequent aggressive sowing absorbed a lot of the labour that was losing jobs in the non-farm sectors because of the lockdown. Employment remained high in July at 126 million, although it was lower than in June. It is tempting to conjecture that the 4-million fall in farm employment indicates reverse migration. But, there is no data to support such an inference.

The second story that is contrary to the convincing recovery in employment seen by July is the performance of salaried employees. While all kinds of work are equally honourable, jobs have a qualitative pecking order. For example, a regular salaried job is better than an informal arrangement of employment in the unorganised sector. Salaried jobs are also more resilient to economic shocks than other forms of employment.

But, unlike in the case of other types of employment, the plight of salaried employees has worsened since the lockdown began. In April, they lost 17.7 million jobs. By July, their losses had swelled to 18.9 million.

While salaried jobs are not lost easily, once lost they are also far more difficult to retrieve. Therefore, their ballooning numbers are a source of worry. Salaried jobs in July 2020 were 22 per cent lower than their level in the last fiscal year. This is a data nugget that is worth worrying about.

The writer is MD and CEO, CMIE P Ltd

বারুইপুরে ঘর থেকে মুখ বাঁধা অবস্থায় ৮০ বছরের বৃদ্ধার মৃতদেহ উদ্ধার

জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর : সোমবার সকালে বারুইপুর থানার হরিহরপুর পঞ্চায়েতের পশ্চিম সালেপুরে মুখে কাপড় বাঁধা অবস্থায় বৃদ্ধা সুষমা চট্টোপাধ্যায়ের(৮০) দেহ পাওয়া গেল। ঘরের বিছানা লণ্ডভণ্ড। গয়নার বাক্স খোলা পড়ে। তার পাশেই ২টি ঘরের ৫টি আলমারি ভাঙা। ঘরের মেঝেতে পড়ে কাপড়-জামা-কাগজ। উঠোনে সুটকেশ পড়ে। বাইরে পড়ে রয়েছে ট্রাঙ্ক ও সুটকেস। কিন্তু কেন এই খুন, তা রহস্যময়। এলাকায় এর জেরে চাঞ্চল্য ছড়ায়। বারুইপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিত বসু, বারুইপুর থানার আইসি আর এসডিপিও ঘটনাস্থলে যান। হরিহরপুর পঞ্চায়েতের প্রধানও যান। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। ঘটনার পর এলাকায় ভিড় জমে যায়। তবে বৃদ্ধাকে কেন খুন করা হল তা নিয়ে একাধিক প্রশ্ন উঠেছে। লণ্ডভণ্ড হওয়ায় কী কী জিনিস খোয়া গেল তাও পুলিশ খতিয়ে দেখছে। পুলিশ জানিয়েছে, বেশ কিছু গয়না ও জমির দলিল খোয়া গেছে। তাই প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, সম্পত্তিঘটিত কারণে খুন হতে পারেন। তবে এর পেছনে ২ বা তারচেয়েও বেশি লোক আছে। পাশাপাশি কোনো চেনাজানার মধ্যেই পরিকল্পিতভাবে এই ঘটনা ঘটানো হয়েছে। অতিরিক্ত পুলিশ সুপার ইন্দ্রজিত বসু বলেন, ময়নাতদন্তের রিপোর্ট আসার পরই আসল কারণ জানা যাবে। প্রাথমিক অনুমান, বৃদ্ধাকে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে খুন করা হয়েছে। বারুইপুর-কুলপি রোডের পাশেই বৃদ্ধার অ্যাসবেস্টাস ছাউনির পাকা বাড়ি। বৃদ্ধার স্বামী ডিফেন্সে কাজ করতেন। অনেক বছর আগেই মারা গেছেন। ১ ছেলে আর তাঁর স্ত্রী ২০১৬ সালে ক্যান্সারে মারা যান। বৃদ্ধার বড় মেয়ে রাজলক্ষী দে কলকাতার বেলেঘাটায় থাকেন। ছোটো মেয়ে বহ্নিশিখা নস্কর জুলপিয়ায় থাকেন। বড়ো মেয়ের কাছেই ছেলের বড়ো মেয়ে থাকত আর ছোটো মেয়ে হায়দরাবাদে থাকে। এদিন সকাল ১০টা নাগাদ কাজের মাসি নুরজাহান বিবি কাজ করতে এসে দেখেন বাড়ির বাইরে সুটকেশ পড়ে আছে। কোনোটি খোলা আবার কোনোটি বন্ধ। গ্রিলের দরজাও খোলা। এতে সন্দেহ হওয়ায় আশপাশের প্রতিবেশীদের ডাকেন। খবর দেওয়া হয় থানায়। পুলিশ এসে দেখে খাটের ওপর বৃদ্ধার দেহ পড়ে আছে। বৃদ্ধা যে ঘরে থাকতেন সেই ঘরে ২টি আলমারি খোলা রয়েছে। পাশের ঘরে আরও ৩টে আলমারিও খোলা। সুষমা চট্টোপাধ্যায়ের পাশের ঘর থেকে তাঁর ঘরে যাওয়ার রাস্তা আসবাবপত্র দিয়ে পরিকল্পনামাফিক ঢাকা দেওয়া হয়েছে। পুলিশের মতে,এখান দিয়েই বৃদ্ধার ঘরে ঢোকে আততায়ীরা। জানা যায়, মামনি বেগম বলে আরেক পরিচারিকা বৃদ্ধার খাওয়ার দেখাশোনা করত। সে কাল রাত সাড়ে ৮ টা পর্যন্ত বৃদ্ধার কাছেই ছিল। তারপর বেরিয়ে যায়। পুলিশ জানায়,বাড়িটা মোট ৯কাঠা জমির ওপর। ৩ কাঠা ছিল বৃদ্ধার। বাকি ৬ কাঠা বড়ো মেয়ের। ছোটো মেয়ের কাছেই বৃদ্ধার পেনশনের বই থাকত। সে-ই সব তুলে দিত। স্থানীয়রা জানায়, বড়ো মেয়ে লকডাউনের আগে প্রমোটার নিয়ে এসেছিল। সেই সময় মায়ের সঙ্গে ঝগড়া হয়েছিল। পুলিশ বলছে শুধু লুঠের জন্য খুন নয়। সোনা বেশি খোয়া যায়নি। বৃদ্ধার কানে সোনার দুল ও বালা ছিল। লুঠপাঠ হলে সেগুলো খোয়া যেত।

মৃতার বাড়িতে পুলিশের তদন্ত চলছে (ইনসেটে মৃতা সুষমা চট্টোপাধ্যায়)

হোয়াটসঅ্যাপে ভুয়ো অ্যাকাউন্ট খুলে প্রতারণা ধৃত ৩

নিজস্ব সংবাদদাতা, বিধাননগর : রবিবার ভাইয়ের নামে ভুয়ো হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট খুলে প্রতারণার জেরে লেকটাউনের অঙ্কুর গর্গের অভিযোগের লেকটাউন থানার পুলিশ বালিগঞ্জ থানা এলাকা থেকে ৩ জনকে গ্রেফতার করল। তাঁর অভিযোগ, তাঁকে প্রতারকরা বিদেশে থাকা ভাইয়ের পরিচয় দিয়ে ফোন করে ৮ লাখ টাকা চায়। তিনি টাকা দিতে না চাইলে ভাইয়ের ছবি দিয়ে হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট খুলে তাঁকে মেসেজ করে ওই প্রতারক চক্র জানায় এই টাকা তাঁর খুব দরকার। পরে অঙ্কুর ৮ লাখ টাকা ওই প্রতারকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে দেয়। পরে ওই নম্বরে ফোন করলে তাদের পাননি। লেকটাউন থানায় অভিযোগ দায়ের করেন। ধৃতদের সোমবার বিধাননগর মহকুমা আদালতে তোলা হয়।

রক্ষীর দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, বিধাননগর : সোমবার সকালে রাজাহাটের বৈদিক ভিলেজের নিরাপত্তারক্ষী রাজারহাট শিখরপুরের মণ্ডলপাড়ার বাসিন্দা খগেন্দ্রনাথ মণ্ডলের (৬০) পচাগলা দেহ রাজারহাট শিখরপুরের পূর্ব রায়পাড়া এলাকায় মাঠের পাশে জঙ্গলে উদ্ধার হয়। ৫ দিন নিখোঁজ ছিলেন।

দুর্গাপুজোয় কেউ আর বাইরে বেরোতে পারবেন না : দিলীপ

উজ্জ্বল দত্ত, কলকাতা : রাজ্যে করোনা পরিস্থিতি যেভাবে হাতের বাইরে চলে যাচ্ছে, তাতে দুর্গাপুজোয় রাজ্যবাসী আদৌও প্রতিমা দর্শন করতে পারবে কিনা তা নিয়ে সোমবার বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ সংশয় প্রকাশ করলেন। এদিন প্রাতঃভ্রমণে বেরিয়ে তিনি জানান, 'রাজ্যে করোনা পরিস্থিতি ক্রমশ হাতের বাইরে চলে যাচ্ছে। এর জন্য আমরা প্রথম থেকেই রাজ্য সরকারকে দায়ী করে আসছি। কারণ এই সরকার সময় মতো তৎপর হয়নি। প্রথমদিকে লকডাউন নিয়ে বেশি সক্রিয় হলে রাজ্যে এরকম পরিস্থিতি তৈরি হত না। যেভাবে রাজ্য খারাপের দিকে যাচ্ছে, তাতে দুর্গাপুজোয় মনে হয় কেউ প্রতিমা দর্শন করতে বাইরে বের হতে পারবেন না। পাশাপাশি আরো আশঙ্কা করছি যে এরাজ্যের বিধানসভা ভোটও ঠিক সময়ে করা যাবে না।' তিনি আরো জানান, 'আক্রান্তদের এখন আর সরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে না। কারণ সেখানে বেড নেই। মৃত্যুর সংখ্যাও বাড়ছে। প্রথমদিকে সরকার মৃতের সংখ্যা কমিয়ে দেখিয়ে রাজ্যের অনেক ক্ষতি করে দিয়েছে। এখন বেসরকারি হাসপাতালের দিকে যেতে বাধ্য করা হচ্ছে। এই সুযোগে বেসরকারি হাসপাতাল জোর করে লোককে ঠকিয়ে মুনাফা করছে। আগে বেসরকারি হাসপাতালে ভরতি হতে ৫-১০ হাজার টাকা অগ্রিম দিলেই চলত। এখন বেসরকারি হাসরাতালে রোগী নিয়ে গেলে রাজ্য সরকার সেখানে ৫০ হাজার টাকা অগ্রিম দিতে সাধারণ লোককে বলেছে। তাঁরা কোথায় পাবেন এত টাকা?'

বাকসাড়ার ভ্যাটে রক্ত পরীক্ষার কিট

ভাস্কর বিশ্বাস, হাওড়া : রবিবার হাওড়া পুরনিগমের ৪১ নং ওয়ার্ডে বাকসাড়া রোডের সাতঘড়া এলাকায় খোলা ভ্যাটের পাশে রক্তভরতি টিউব পড়ে থাকতে দেখা যায়। রাস্তার ধারে এভাবে রক্ত পরীক্ষার কিট দেখে এলাকায় আতঙ্ক ছড়ায়। কিছু টিউব ভেঙে যাওয়ায় রক্ত রাস্তায় ছড়িয়ে পড়েছে। বাকসাড়া রোডের ওই ভ্যাটের আর্বজনা পরিষ্কার নিয়ে স্থানীয়রা দীর্ঘদিন ধরে অভিযোগ জানাচ্ছেন। পুরনিগম নিয়মিত ভ্যাট পরিষ্কার না করায় আশেপাশের বাসিন্দারা বারবার স্থানীয় পুরপ্রতিনিধির কাছে অভিযোগ জানিয়েছেন। তাতেও কোনো ফল হয়নি। এদিন ওই ভ্যাটেই রক্ত ভরতি টিউব পড়েছিল। এলাকার বাসিন্দা পলি ঘোষ বলেন, 'একটা নীল রক্তমাখা প্লাস্টিকের ভেতর ওই রক্তের টিউব ছিল। স্থানীয় থানা, ফাঁড়িতে জানিয়েছি। কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।' এলাকার আরেক বাসিন্দা জানান, 'টিউব থেকে রাস্তায় রক্ত ছড়িয়ে পড়ায় গাড়ির চাকায়, লোকের পায়ে লেগে বাড়িতে ঢুকছে আর জীবাণু ছড়াচ্ছে।' এ ব্যাপারে হাওড়া সিটি পুলিশের এক পদস্থ র্কতা বলেন, 'আমাদের জানানো হয়েছে। আমরা পুরনিগমকে জানিয়েছি। পুরনিগমের সাফাই কর্মীরা নিরাপদে রক্তের সব টিউব সরিয়ে নিয়ে গেছে।' কে বা কারা ওই রক্ত সংরক্ষণের টিউব রাস্তায় ফেলে ফেলে গেছে তা জানতে তদন্ত শুরু হয়েছে।

৬ বছরে রেকর্ড পরিমাণ পলিমাটি তোলায় কলকাতা এবার জলমগ্ন হয়নি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : গত কয়েকদিন ধরে অঝোরে বৃষ্টির পরেও শহরে সেভাবে কয়েকটি এলাকা বাদ দিলে কোথাও তেমন জল জমার ঘটনা চোখে পড়েনি। উত্তর কলকাতার নির্দিষ্ট এক-দুটি অঞ্চল, বাইপাসের খানিক অংশ, বেহালা ও মোমিনপুর, ওয়াটগঞ্জ সহ কয়েকটি 'পকেট' বাদ দিলে সামগ্রিকভাবে শহরের জল-ছবির বদল ঘটেছে বলে কলকাতা পুরনিগমের তরফে দাবি করা হয়েছে। এর কারণ হিসেবে পুরনিগম দেখছে গত কয়েক বছরে কার্যত রেকর্ড পরিমাণ পলি তোলার ব্যবস্থাই কাজ দিয়েছে। পুরনিগমের তথ্য অনুযায়ী, ২০১৪ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত এই ৬বছরে শহরে প্রায় ৭.৩০ মেট্রিক টন পলিমাটি তোলা হয়েছে। সেখানে তার আগের ৬ বছরে এই পরিমাণ ছিল ১.৮২ লাখ মেট্রিক টনের আশেপাশে। অর্থাৎ প্রায় ৬ গুণ পলিমাটি শেষ ৬ বছরে তোলা হয়েছে। তাই ক্রমশই শহরে জল জমার ছবিটা বদলেছে। যা চলতি বছরের একেবার অন্যরকম এসে দাঁড়িয়েছে। পুরকর্তাদের মতে, আমহার্স্ট স্ট্রিট, বড়বাজার, মুক্তারামবাবু স্ট্রিট, ঠনঠনিয়া চত্বরে চলতি বছর জমা জলের দেখা মিললেও বৃষ্টির বন্ধ হওয়ার ঘণ্টা দু'য়েকের মধ্যেই জল নেমেছে। অন্যদিকে, চলতি বর্ষার মরসুমে চিত্তরঞ্জন অ্যাভিনিউ, এসএন ব্যানার্জি রোড, কলেজ স্ট্রিট-সহ উত্তর কলকাতার বিস্তীর্ণ অঞ্চলে জল জমার সমস্যা এখনও সেরকম হয়নি। তবে, বেহালার কিছু অংশে, খিদিরপুর, ওয়াটগঞ্জ, মোমিনপুরের কিছু অঞ্চল বিক্ষিপ্তভাবে জলমগ্ন থেকেছে। বিশেষ করে তারাতলা রোড, জোকা মহাত্মা গান্ধী রোড-সহ শহরের বেশ কিছু রাস্তায় জল জমেছে। নিকাশি বিভাগের দায়িত্বপ্রাপ্ত তথা পুর প্রশাসকমণ্ডলীর সদস্য তারক সিং বলেন, 'বন্দর অঞ্চলে ২টি আলাদা নিকাশির কাজ চলছে। ভূকৈলাশ এলাকায় ১টি বড়ো ড্রেন বানানো হচ্ছে। দ্বিতীয়টি হচ্ছে, এক ভূগর্ভস্থ নিকাশি নালা, এটা হচ্ছে ডেন্ট মিশনে। এখানে নতুন পাম্পিং স্টেশনও তৈরি হচ্ছে। সেই কাজ চলতি বছরের মধ্যেই শেষ হবে।' ফলে আগামী বছর থেকে খিদিরপুর, মোমিনপুর, ওয়াটগঞ্জ সহ ওই অঞ্চলের নানা অংশে জমা জলের দুর্ভোগ মিটবে বলেই তারক সিং আশা প্রকাশ করেছেন। তাঁর দাবি, বোর্ড ও নিকাশি বিভাগের আধিকারিকদের চেষ্টাতেই এই জমা জলের দুর্ভোগ মেটানো অনেকটাই সম্ভব হয়েছে। যদিও এনিয়ে নিকাশি বিভাগের কর্তারা আত্মতুষ্টিতে ভুগতে নারাজ। অতিবৃষ্টিতে মোকাবিলার জন্য ঢিলেমির কোনো জায়গা নেই বলে তাঁদের মত। পুরনিগমের এক আধিকারিক বলেন, 'অতিরিক্ত বৃষ্টি হলে জল জমবে। আগে যেখানে নানা জায়গায় ৫-৬ দিন ধরে জল জমে থাকত সেখানে কয়েক ঘণ্টার মধ্যেই জল নামানো সম্ভব হচ্ছে। এটাই আমাদের সাফল্য, তবে সামনে কাজ আরও রয়েছে।'

কলকাতা পুলিশের লকডাউনের ক্যালেন্ডার তৈরি

সৌমেন ভট্টাচার্য, কলকাতা : কলকাতা পুলিশ লকডাউনের ১ মাসের দিনক্ষণের ক্যালেন্ডার তৈরি করল। এ নিয়ে নানা জনবহুল জায়গায় প্রচারের পরিকল্পনাও হয়েছে। এর আগের লকডাউনে গ্রেফতার হওয়া লোকদের জিজ্ঞাসাবাদ করার পর পুলিশ এই সিদ্ধান্তে এসেছে। পুলিশ সূত্রে খবর, লকডাউনে গ্রেফতার হওয়া প্রায় ৫,০০০লোককে জিজ্ঞাসাবাদ করার সময় পুলিশকর্তারা বুঝতে পারেন, ধৃতরা জানেনই না যে কবে কবে লকডাউন। ফলে তাঁরা রাস্তায় বেরিয়ে পড়ছেন। শুধু তাই নয়, বড়বাজার সহ বেশ কিছু জায়গায় দিনে এনে দিনে খাওয়া লোকরা খবর রাখেন না, কবে কবে লকডাউন। এতে পুলিশেরও সমস্যা বাড়ছে। ফলে এই সমস্যা মেটাতে পুলিশের এই ব্যবস্থা। পুলিশ সূত্রে খবর, এরমধ্যে বড়বাজার থানা এলাকার নানা জায়গায় এই লকডাউন ক্যালেন্ডার লাগানো হয়েছে। ক্যালেন্ডারে যেসব দিন লকডাউন রয়েছে তা লাল কালি দিয়ে দাগানো হয়েছে। ফলে তা দেখে ওই মাসে কবে কবে লকডাউন হবে তা যে কেউ সহজেই জানতে পারবেন। বড়বাজার থানার এক আধিকারিক জানান, যেসব জায়গায় প্রচুর লোক জমায়েত হয়, সেসব জায়গাতেই এই ক্যালেন্ডার লাগানোর ব্যবস্থা করে তা নিয়ে মাইকিং করা হচ্ছে। ধীরে ধীরে সব থানা এলাকাতেই এই পোস্টার লাগানো হবে।

শহরের বহুতলে আগুন, ঘটনাস্থলে ১০টি ইঞ্জিন

সুখবর ব্যুরো, কলকাতা : সোমবার বিকেলে আচমকা হেয়ার স্ট্রিট থানা এলাকার পোদ্দার কোর্টের কাছে পোলক স্ট্রিট আর হেয়ার স্ট্রিটের সংযোগস্থলে এক বহুতলে বিধ্বংসী আগুন লাগে। একটি তলা থেকে আগুনের লেলিহান শিখা আর কালো ধোঁয়া দেখে স্থানীয়রা দমকলে খবর দেন। ওই বহুতলে একাধিক অফিস ও ব্যাঙ্কের শাখা রয়েছে বলে জানা গেছে। আগুন লেগে বহুতলের ক্ষতিগ্রস্ত অংশের শেড ভেঙে পড়ে। আগুন নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছোয় দমকলের ১০টি ইঞ্জিন। প্রত্যক্ষদর্শীরা জানান, আগুন লাগার কয়েক মিনিটের মধ্যেই ঘন কালো ধোঁয়ায় চারিদিক ঢেকে যায়। আগুন চটপট ছড়িয়ে পড়ে বহুতলের চারদিকে। ঘিঞ্জি এলাকা হওয়ায় আতঙ্কিত হয়ে পড়েন স্থানীয় বাসিন্দারা। আগুন যাতে বহুতলের অন্যদিকে ছড়িয়ে পড়তে না পারে সে জন্য প্রথমেই গোটা এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। দমকলকর্মীরা পাশের এক বহুতল থেকে আগুন নেভানোর চেষ্টা করেন। আগুন লাগায় বহুতলের দোতলা আর ৩ তলায় আটকে পড়েন বেশ কয়েক জন। তাঁদের উদ্ধার করে বের করে আনেন কলকাতা পুলিশের বিপর্যয় মোকাবিলা বাহিনীর সদস্যরা। আগুন লাগার কারণ এখনো স্পষ্ট নয়।

পুর স্বাস্থ্যকর্মীদের করোনা ভাতা বন্ধ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : সারা রাজ্যের ১২৬টি পুরসভায় ৬,৫০০ পুর স্বাস্থ্যকর্মী (এইচএইচডব্লু) করোনা পরিস্থিতিতেও নিয়মিত কাজ করছেন। তাঁদের মাসিক ভাতা ৩,১২৫ টাকা। কোভিড-১৯ নিয়ে কাজ করার জন্য স্বাস্থ্যভবন তাঁদের মাইনের সঙ্গে ১,০০০ টাকা করে করোনা ভাতা দেওয়ার সিদ্ধান্ত নেয়। এপ্রিল, মে ও জুন মাসে প্রত্যেক এইচএইচডব্লু ও তাঁদের সুপারভাইজারদের এই টাকা করোনা ভাতা হিসাবে দেওয়া হয়েছিল। কিন্তু জুলাই মাস থেকে এই ভাতা আর দেওয়া হচ্ছে না। পুর স্বাস্থ্যকর্মী সংগঠনের সম্পাদিকা পৌলমী করঞ্জাই জানান, '১২৬টি পুরসভায় স্বাস্থ্যকর্মীদের সংখ্যা প্রায় ১০ হাজার। সরাসরি এলাকার করোনা রোগীদের নিয়ে আমরা কাজ করছি। এখন করোনা ভাতা বন্ধ করে দিলে কীভাবে আমরা কাজ করব? সরকারি এই সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি। সব পুরসভায় আমাদের পর্যাপ্ত মাস্ক, গ্লাভস ও ক্যাপ দেওয়া হচ্ছে না। ফলে আমাদের প্রায় ৩৫-৪০ জন কর্মী করোনায় আক্রান্ত হয়ে পড়ছেন। এছাড়াও করোনা আক্রান্ত হলে ১লাখ টাকা দেওয়া হবে ঘোষিত হলেও এখনো পর্যন্ত ওই টাকা কেউ পাননি।' এনিয়ে রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা অজয় চক্রবর্তী জানান, 'এমনটা হয়ে থাকলে খুব অন্যায় হয়েছে। অভিযোগ খতিয়ে দেখা হবে।'

বেসরকারি বাস ও মিনিবাস ১২ আগস্ট আন্দোলনে নামছে

অলক ঘোষ, বারাকপুর : চরম আর্থিক দুর্দশায় পড়ে এবার কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অভিযোগ তুলে আন্দোলনে নামছে পশ্চিমবঙ্গ বেসরকারি বাস ও মিনিবাস মালিক সংগঠন। পশ্চিমবঙ্গ বাস ও মিনিবাস মালিক সংগঠনের প্রতিনিধিরা ১২ আগস্ট কলকাতার রাস্তায় ৫টি গুরুত্বপূর্ণ স্থানে সামাজিক দূরত্ব বজায় রেখে বিক্ষোভ দেখাবেন। প্রসঙ্গত উল্লেখ্য, কলকাতার রাস্তায় এখন ২৭ হাজার বেসরকারি বাস ও মিনিবাস চলছে। উত্তর ২৪ পরগনার বরানগরে পশ্চিমবঙ্গ বেসরকারি বাস ও মিনিবাস মালিক সংগঠনের যুগ্ম সম্পাদক প্রদীপ নারায়ণ বসু সোমবার তাঁদের দফতরে সাংবাদিক বৈঠকে জানান, 'এই লকডাউনের সময় গণ পরিবহন সচল রাখতে হচ্ছে। কিন্তু প্রতিটি বেসরকারি বাস ও মিনিবাসের মালিকের আর্থিক ক্ষতি হচ্ছে। রাজ্য সরকার বেসরকারি বাস ও মিনিবাসের মালিকদের নানান সুবিধা দিয়েছে। এছাড়া রাজ্য সরকার জানিয়ে দিয়েছে সেপ্টেম্বর পর্যন্ত কোনো বাসকে রাস্তায় চলাচলের জন্য কর দিতে হবে না। তবে কেন্দ্রের হাতে যেসব বিষয় রয়েছে সেগুলো সম্পর্কে কেন্দ্রীয় সরকার সাহায্য করতে এগিয়ে আসেনি। কেন্দ্রীয় সরকার গাড়ির বার্ষিক বিমার সময়সীমা বাড়াক। প্রত্যেক বছর বিমার জন্য গাড়ি পিছু মোটা টাকা গাড়ির মালিকদের কেন্দ্রের ঘরে জমা করতে হয়, যা আমাদের সমস্যায় ফেলছে। ডিজেলের দাম কমাতে হবে। আমরা কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করে গত মাসে রাজ্যপালের সঙ্গে দেখা করেছিলাম। কিন্তু কোনো সদুত্তর পায়নি। সরাসরি কেন্দ্রীয় সরকারকে ই-মেল করেছি। কোনো উত্তর আসেনি। বাধ্য হয়ে সিদ্ধান্ত নিয়েছি, ১২ আগস্ট কলকাতার রাস্তায় বিক্ষোভ দেখাব। আমরা চাই কেন্দ্রীয় সরকার আমাদের দাবি মেনে নিক।'

আসানসোল হাসপাতালে করোনা যোদ্ধাদের সুরক্ষার দাবি

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : সোমবার রাজ্য কো-অর্ডিনেশন কমিটির জেলার সদস্যরা করোনা যোদ্ধা হিসাবে পরিচিত সব স্তরের কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা ও সামাজিক সুরক্ষার দাবিতে আসানসোলের জেলা হাসপাতালের সুপার নিখিলচন্দ্র দাসের হাতে এক স্মারকলিপি তুলে দেন। এ প্রসঙ্গে কো-অর্ডিনেশন কমিটির জেলার সম্পাদক সুজিত মুখোপাধ্যায় জানান, 'রাজ্য জুড়েই কো অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে স্বাস্থ্য অধিকর্তাদের হাতে সোমবার স্মারকলিপি তুলে দেওয়া হচ্ছে। এখনো পর্যন্ত করোনা সংক্রমণ রোধে করোনা যোদ্ধাদের প্রকৃত সুরক্ষা ব্যবস্থা না থাকায় রোগীদের পরিষেবা দিতে গিয়ে তাঁরা নিজেরাই আক্রান্ত হয়ে পড়ছেন। তাঁরা করোনা সংক্রমিত হলে সামাজিকভাবেও নানান অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এই পরিস্থিতিতে স্বাস্থ্য বিভাগ ও সরকারের উদ্যোগে করোনা যোদ্ধাদের প্রকৃত সুরক্ষার দাবি জানানো হচ্ছে।' একইসঙ্গে শ্রমিক স্বার্থ বিরোধী শ্রম আইন সংস্কারেরও তাঁরা বিরোধিতা করছেন। তাঁদের দাবি, শ্রমের সময় ১০ ঘণ্টার বদলে ৮ ঘণ্টা করতে হবে।

ছবি : জয়ন্ত সাহা

হীরাপুরে বচসার জেরে খুন বৃদ্ধ

রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল : আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের হীরাপুর থানার রহমতনগর অঞ্চলের চাষাপট্টিতে সোমবার সকালে পানীয় জলের কলের পাইপ লাগানো নিয়ে প্রতিবেশীদের মধ্যে ঝামেলা শুরু হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, কলের পাইপ লাগানোর পথে প্রতিবেশীদের ১টি স্কুটি দাঁড়িয়ে থাকায় নবি হুসেনের বাড়ির লোক তা সরিয়ে নিতে বলেন। প্রতিবেশী পরিবারের সদস্য তনবির ইয়াসিন ও তার বাড়ির লোক কিছুতেই রাজি না হওয়ায় দু'পক্ষের মধ্যে বচসা শুরু হয়। এসময় নবি হুসেনের ছোটো ছেলেকে মারধর করা হলে পুরো পরিবারের লোক বাইরে বেরিয়ে এসে ছেলেকে ছাড়িয়ে নিয়ে যান। এরপরও ঝামেলা থেমে থাকেনি। অভিযোগ, প্রতিবেশী পরিবারের সদস্যরা পাড়ার কিছু যুবককে নিয়ে নবি হুসেনের বাড়িতে চড়াও হয়। তাঁদের বাড়ির দরজা ভেঙে পরিবারের লোকদের মারধর করে। এসময় নবি হুসেন আক্রান্ত হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। তাঁর বড়ো ছেলে আনোয়ার সহ অন্য ভাইয়েরা বাবাকে উদ্ধার করে আসানসোল জেলা হাসপাতালে নিয়ে যায়। সেখানেই ডাক্তাররা নবি হুসেনকে মৃত বলে ঘোষণা করেন। হীরাপুর থানার পুলিশ জানিয়েছে, এখনো কোনো লিখিত অভিযোগ জমা পড়েনি। পুলিশের পক্ষ থেকে প্রাথমিক তদন্ত শুরু হয়েছে।

সোমেন মিত্রের শ্রদ্ধাবাসরে দলাদলি মুছে গেল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : প্রয়াত প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্রের শ্রদ্ধাবাসরে সব রাজনৈতিক দলের নেতারা হাজির থেকে শ্রদ্ধা জানালেন। সোমবার কলকাতার লোয়ার রডন স্ট্রিটের সূর্য অ্যাপার্টমেন্টে সোমেন মিত্রের বাস ভবনে শ্রদ্ধানুষ্ঠান হয়। শ্রদ্ধাবাসরে আগাগোড়া প্রয়াত নেতার স্ত্রী শিখা মিত্র ও ছেলে রোহন মিত্র হাজির থেকে সকলকে আপ্যায়ন করেন। এই শ্রদ্ধাবাসরে এসে প্রয়াত নেতাকে শ্রদ্ধা জানান রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী ও রাজনৈতিক সহযোদ্ধা সুব্রত মুখোপাধ্যায়, মন্ত্রী তাপস রায়, অরূপ বিশ্বাস, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাই বাবুন বন্দ্যোপাধ্যায়, বিজেপির কেন্দ্রীয় সম্পাদক রাহুল সিনহা, ফরওয়ার্ড ব্লকের রাজ্য সম্পাদক নরেন চট্টোপাধ্যায় সহ আরো অনেকে। এছাড়া শ্রদ্ধাবাসরে প্রথম থেকে ছিলেন রাজ্যসভার সাংসদ প্রদীপ ভট্টাচার্য, কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী, শুভঙ্কর সরকারের মতো আরো অনেকেই। এছাড়া প্রথম থেকে ছিলেন সোমেন মিত্রের বন্ধু বাদল ভট্টাচার্য। কলকাতা ও জেলা থেকে সোমেন মিত্রের গুণমুগ্ধ ভক্ত ও কংগ্রেস কর্মীরা, ২৩ টি জেলার কংগ্রেস সভাপতিরাও তাঁকে শ্রদ্ধা জানাতে আসেন।

বাড়ি থেকে ডেকে নিয়ে গুলি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : খাস কলকাতায় বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে এক প্রমোটারকে লক্ষ্য করে গুলি চালানোর ঘটনায় আতঙ্কিত শহরবাসী। গুরুতর জখম অবস্থায় ওই প্রমোটার এক বেসরকারি হাসপাতালে ভরতি। প্রমোটিং সংক্রান্ত বিবাদের জেরে খুনের চেষ্টা নাকি অন্য কিছু, তা নিয়ে পুলিশ তদন্ত শুরু করেছে। ওই উঠতি প্রোমোটারের পরিবারের অভিযোগ, রবিবার রাতে তিনি বেলেঘাটার বাড়িতেই ছিলেন। গুড্ডু নামে স্থানীয় এক যুবক তাঁকে ডাকতে আসে। কোনো দরকার আছে এমনটা ভেবে ওই প্রোমোটার বাড়ি থেকে বেরিয়ে যান। কিছুক্ষণের মধ্যে স্থানীয়রা গুলির শব্দ পান। সকলেই বাড়ি থেকে বেরিয়ে পড়েন। তাঁরা দেখেন, রক্তাক্ত অবস্থায় ওই প্রোমোটার রাস্তায় পড়ে রয়েছেন। এরপর তাঁকে দ্রুত এক নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়। ডাক্তাররা জানান, তাঁর শারীরিক অবস্থা যথেষ্ট আশঙ্কাজনক। পরে পুলিশ বাড়ির লোকের অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে। তদন্তে প্রোমোটিং ব্যবসা সংক্রান্ত তোলাবাজি থেকে রাজনৈতিক সাহায্য নানা বিষয় সামনে এসেছে। ওই প্রোমোটার একটু সুস্থ হলে পুলিশ তাঁকে জিজ্ঞাসাবাদ করতে চায়। এরমধ্যে পলাতক গুড্ডুর খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। তাঁকে পেলে এই রহস্যের জট অনেকটাই খুলবে বলে পুলিশ জানিয়েছে।